

স্মারক নং: জবি/প্রশা/ভর্তি: ২০২৫-২০২৬/ ১০ ৩

তারিখ: ১৮ ফেব্রুয়ারি, ২০২৬ ইং

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট: <https://jnuadmission.com>

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ইউনিট A, B, C, D ও E -এ ১ম পর্যায়ে বিষয় প্রাপ্তদের আগামী ১৯/০২/২০২৬ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা হতে ২৩/০২/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট <https://jnuadmission.com> -এ নিজ নিজ প্যানেলে লগইন করে ভর্তি ফরম পূরণ ও নিম্নে উল্লেখিত ভর্তি ফিস অনলাইনে জমা দিতে হবে এবং আগামী ১৯/০২/২০২৬ তারিখ হতে ২৪/০২/২০২৬ তারিখ পর্যন্ত (সকাল ৯:০০টা হতে বিকাল ৪:০০টার মধ্যে) বিশ্ববিদ্যালয় খোলা থাকার দিনগুলোতে সরাসরি সংশ্লিষ্ট ডিন অফিসে ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিয়ে কাগজপত্র জমাদান স্লিপ সংগ্রহ করে ভর্তি নিশ্চিত করতে হবে।

ভর্তি ফিসের পরিমাণ

অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ	মোট ভর্তি ফিস
বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য	১২,৬৩০/- টাকা (ব্যবহারিক ক্লাসের ফিসহ)
বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য	১০,৬৩০/- টাকা
কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদভুক্ত বিভাগ এবং ইনস্টিটিউটসমূহের জন্য (ফিল্ম এন্ড টেলিভিশন, সংগীত ও নাট্যকলা বিভাগ ব্যতিত)	১০,৬৩০/- টাকা
ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ, সংগীত ও নাট্যকলা বিভাগ	১২,৬৩০/- টাকা (ব্যবহারিক ক্লাসের ফিসহ)
চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য	১২,৬৩০/- টাকা (ব্যবহারিক ক্লাসের ফিসহ)

১। ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিন অফিসে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে:

- এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র;
- ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
- অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম;
- ২ (দুই) কপি সদ্যভোলা পাসপোর্ট সাইজের রসিদ ছবি।

∴ উল্লেখ্য, আগামী ২৫/০২/২০২৬ তারিখ ২য় মেধা তালিকা প্রকাশ করা হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,



(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)


রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

তারিখ: ১৮ ফেব্রুয়ারি, ২০২৬ ইং

স্মারক নং: জবি/প্রশা/ভর্তি: ২০২৫-২০২৬/ ১০ ৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ডিন (সকল অনুষদ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
- পরিচালক (সকল ইনস্টিটিউট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
- চেয়ারম্যান (সকল বিভাগ), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
- পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
- পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ);
- পরিচালক, পিআরআইপি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিশ্ববিদ্যালয়ের ফেসবুক পেজে প্রকাশ করার অনুরোধসহ);
- ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
- অফিস/সংরক্ষণ নথি।



(মোহাম্মদ মেজবাহুদ দারাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)